# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৭০

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقَاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - মানুষের মধ্যে পরিবর্তন আসা

## اَلْفصْلُ الثَّالِثُ (بَاب تغير النَّاس)

আরবী

عَن ابْن عَبَّاس قَالَ: «مَا ظَهَرَ الْغُلُولُ فِي قَوْمٍ إِلَّا أَلْقَى اللَّهُ فِي قُلُوبِهِمُ الرُّعْبَ وَلَا فَشَا الزِّنَا فِي قَوْمٍ إِلَّا كَثُرَ فِيهِمُ الْمَوْتُ وَلَا نَقَصَ قَوْمٌ الْمِكْيَالَ وَالْمِيزَانَ إِلَّا قَطَعَ عَنْهُمُ الرِّزْقَ وَلَا حَكَمَ قَوْمٌ بِغَيْرِ حَقٍّ إِلَّا فَشَا فِيهِمُ الدَّمُ وَلَا خَتَرَ قَوْمٌ بالعهد إِلا سُلِّطَ عَلَيْهِم عدوهم» . رَوَاهُ مَالك

اسناده ضعیف ، رواه مالک (2 / 460 ح 1013) * السند فیہ بلاغ ، ای ھو غیر متصل و حدیث ابن ماجہ (4019 حسن بتحقیقی) :" یا معشر المھاجرین خمس اذا ابتلیتم بھن " الخ یغنی عنہ

বাংলা

৫৩৭০-[১১] ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, যে সম্প্রদায়ের মধ্যে খিয়ানত বা আত্মসাতের রোগ ঢুকে, আল্লাহ তা’আলা তাদের অন্তরে শত্রুর ভয় ঢেলে দেন। যে সম্প্রদায়ের মধ্যে যিনা ব্যভিচার বিস্তার লাভ করে তাদের মধ্যে মৃতের সংখ্যা বৃদ্ধি পায়। যে সম্প্রদায় মাপে-ওযনে কম দেয়, তাদের রিযক উঠিয়ে নেয়া হয়। যে সম্প্রদায় বিচারে ন্যায়নীতি রক্ষা করে না, তাদের মাঝে খুনাখুনি ব্যাপক হয়। আর যে সম্প্রদায় প্রতিশ্রুতি ভঙ্গ করে, তাদের ওপর শত্রুকে চেপে দেয়া হয়। (মালিক)

ফুটনোট

মা’নান (অর্থগত) সহীহ: মালিক ১৬৭০, সিলসিলাতুস্ সহীহাহ্ ১০৬-১০৭, হিদায়াতুর রুওয়াত ৫/৮১।

ব্যাখ্যা

ব্যাখ্যা : (وَلَا فَشَا الزِّنَا فِي قَوْمٍ إِلَّا كَثُرَ فِيهِمُ الْمَوْتُ) আর যখন কোন সম্প্রদায়ের মধ্যে যিনা-ব্যভিচার বৃদ্ধি পাবে তখন তাদের মধ্যে মৃত্যুসংখ্যা বেড়ে যাবে। তথা তারা বিভিন্ন রোগ, মহামারিতে মারা যাবে অথবা অন্তর মরে যাবে অথবা ‘আলিম সম্প্রদায়ের মৃত্যু হবে।

(وَلَا نَقَصَ قَوْمُ الْمِكْيَالَ وَالْمِيزَانَ) এবং যখন কোন সম্প্রদায় মাপে, ওযনে বা সংখ্যায় ধোঁকাবাজি করবে বা প্রতারণা করবে, তখন তাদের হালালভাবে উপার্জিত সম্পদের বরকত নষ্ট হয়ে যাবে।

(وَلَا حَكَمَ قَوْمٌ بِغَيْرِ حَقٍّ إِلَّا فَشَا فِيهِمُ الدَّمُ)আর যখন কোন সম্প্রদায় অন্যায়ভাবে বা অজ্ঞতাবশত ফায়সালা করবে, তখন তাদের মধ্যে রক্তপাত বা হত্যা বৃদ্ধি পাবে।

(وَلَا خَتَرَ قَوْمٌ بالعهد إلا سُلِّطَ عَلَيْهِم عدوهم) আর যখন কোন সম্প্রদায় প্রাধান্য বিস্তারের আশায় ওয়াদা ভঙ্গ করবে, তখন আল্লাহ তা'আলা তাদের ওপর শত্রুদেরকে ক্ষমতা প্রদান করবেন। (মিরক্বাতুল মাফাতীহ)।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85349

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন